

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৩.৯৯.০১৪.২০১৬/১১০৫৪/০৩


তারিখ: ০৩/১১/২০১৯ খ্রি.

বিষয়: সরকারি বি এম কলেজ, বরিশাল-এ একটি এসি কার (মাইক্রোবাস) ক্রয়ের অনুমতি প্রদান সংক্রান্ত।

সূত্র: কলেজ স্মারক নং: ১৩১৯, তারিখ: ১৫/১০/২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, সরকারি বি এম কলেজ, বরিশাল-এ ০৭ (সাত) সিটের একটি এসি টয়োটা এভেঞ্জা কার (মাইক্রোবাস) ক্রয়ের অনুমতি প্রদানের লক্ষ্যে অধ্যক্ষ কর্তৃক আবেদনপত্র মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে দাখিল করা হয়েছে। দাখিলকৃত আবেদনে নিম্নোক্ত কাগজপত্রাদির ঘাটতি/প্রয়োজনীয়তা থাকায় বিষয়টি বিবেচনার সুযোগ নেই মর্মে এতদ্বারা নির্দেশক্রমে তাঁকে অবহিত করা হলো।

ক্রমিক	ঘাটতি/প্রয়োজনীয় কাগজপত্রাদি ও মন্তব্য
(ক)	দরপত্র ও ব্যয় প্রাক্কলন।
(খ)	সরকারি কলেজের গাড়ি ক্রয়, এসি ক্রয় ও অন্যান্য নির্মাণ সংক্রান্ত প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ২৮ মার্চ ২০১৯ তারিখের নং ৩৭.০০.০০০০.০৮৫.২৬.০০১.১৯.৮০ স্মারক মোতাবেক কলেজে কয়টি ক্লাসরুম, কয়টি মাল্টিমিডিয়া ক্লাসরুম, কয়টি স্মার্টবোর্ড আছে তা উল্লেখপূর্বক প্রত্যায়ন।
(গ)	তার ২৪/০৯/২০১৯ তারিখে ৫২ সিটের একটি বাস ক্রয়ের অনুমতির আবেদনটি পরবর্তী কার্যার্থে মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন এবং একটি মাইক্রোবাস সচল থাকা সত্ত্বেও আরও একটি ক্রয়ের প্রয়োজনীয়তা ব্যাখ্যা।
(ঘ)	সরকারি কলেজে মাইক্রোবাস ক্রয় কিংবা অনুদান গ্রহণের ক্ষেত্রে সুস্পষ্ট নির্দেশনা এবং এক্ষেত্রে কলেজের কোন কোন তহবিল ব্যবহার করা যাবে তার নীতিমালাসহ প্রস্তাব প্রেরণ।
(ঙ)	ঘাটতি/প্রয়োজনীয় কাগজপত্রসহ পুনরায় পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণ (২ সেট)।



(এ. কে. এম. মাসুদ-১৩৪৭০)

সহকারী পরিচালক (কলেজ-১)

ফোন: ৪১০৫০১১৭

অধ্যক্ষ

সরকারি বি এম কলেজ

বরিশাল।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো:

০১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;

০২। পিএ টু মহাপরিচালক (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;

০৩। সংরক্ষণ নথি।